

মৃত শিক্ষকের নামে বেতন ভাতা উত্তোলন করায় মামলা

■ মীর্জাগঞ্জ (পটুয়াখালী) সুবোধদাতা

মীর্জাগঞ্জ উপজেলা প্রদরে সুবিদ্যালয়ী মহিলা ডিগ্রি কলেজের এক মৃত প্রভাষকের নামে ৬ বছর ধরে বেতন-ভাতা উত্তোলন করে বিপুল অঙ্কের টাকা ভুলে আত্মসাৎ করে নেয়ার অভিযোগে গত মঙ্গলবার রাতে মীর্জাগঞ্জ থানায় একটি মামলা হয়েছে। পুলিশ মামলাটি তদন্তের জন্য পটুয়াখালী, দুর্নীতি দমন কমিশনে প্রেরণ করেছে। কলেজের বাংলা বিভাগের প্রভাষক আবদুস সালাম মোল্লা ২০০৬ সালে মারা যান। প্রচলিত নিয়ম অনুযায়ী মৃত প্রভাষকের নাম এনপিও শিট থেকে কর্তন করার জন্য ব্যবস্থা গ্রহণ প্রতিষ্ঠান প্রধান হিসাবে অধ্যক্ষের দায়িত্ব। কিন্তু কলেজ অধ্যক্ষ মোঃ আবদুর রহমান মৃত প্রভাষক আবদুস সালাম মোল্লার নামটি কর্তনের ব্যবস্থা না নিয়ে কর্তন অপরাধের শিক্ষকের ন্যায় প্রতিষ্ঠানের এনপিওতে বহাল রাখেন। ফলে প্রতি মাসে নিয়মিত উক্ত মৃত প্রভাষক আবদুস সালাম মোল্লার নামে বেতন-ভাতা বরাদ্দ আসতে থাকে।

এই সুযোগে কলেজ অধ্যক্ষ মোঃ আবদুর রহমান ঐ কলেজের বাংলা বিভাগের নন-এনপিওভুক্ত প্রভাষক বিনা পানি অধিকারীর নামে মীর্জাগঞ্জের সুবিদ্যালয়ী সোনালী ব্যাংক শাখায় একটি হিসাব খুলে তাতে মৃত আবদুস সালাম মোল্লার নামে বরাদ্দকৃত বেতন-ভাতার সরকারি অংশের টাকা ২০০৬ সালের মে মাস থেকে ২০১২ সালের মে মাস পর্যন্ত ৬ লক্ষ ৮৮ হাজার ৮৭৭ টাকা উত্তোলন করে সরকারি অর্থ আত্মসাৎ করেন। মঙ্গলবার রাতে পটুয়াখালী জেলা শিক্ষা অফিসার মোঃ রুহুল আমিন খান বাদী হয়ে কলেজ অধ্যক্ষ মোঃ আবদুর রহমান, সংশ্লিষ্ট অপরাধ সূচনাকামী নন-এনপিওভুক্ত বাংলা বিভাগের প্রভাষক বিনা পানি অধিকারী এই তিনজনকে আসামি করে মীর্জাগঞ্জ থানায় একটি মামলা দায়ের করেছেন।